

RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2018

THIRD YEAR [BATCH 2015-18]

BENGALI (Honours)

Paper : IX

Date : 10/05/2018

Time : 11 am – 3 pm

Full Marks : 100

বিভাগ - ক

- ১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১১]
- ক) 'বিড়াল' রচনাটিতে বঙ্কিমচন্দ্রের সমাজদর্শন বিষয়ে নিজের অভিমত জানাও।
- খ) 'আমার দুর্গোৎসব' রচনাটির বিষয়বস্তু সম্পর্কে বঙ্কিমচন্দ্রের মৌলিক চিন্তার পরিচয় দাও।
- ২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×৪]
- ক) ব্যাখ্যা লেখো : 'আমার মন'।
- খ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির শ্রেণিবিচার করো।
- ৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১৪]
- ক) অসমীয়া সাহিত্যের প্রাক আধুনিক পর্বটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে দেখাও সমগ্র ভারতীয় সাহিত্যের প্রেক্ষিতে এর গুরুত্ব কোথায়?
- খ) প্রাক আধুনিক তামিল সাহিত্যের পরিচয় দাও।
- ৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১৪]
- ক) বিভাব, অনুভাব ও সঞ্চরী ভাব কাকে বলে? উদাহরণ সহ সংক্ষেপে আলোচনা করো এবং কাব্য নির্মাণের পিছনে এই তিনটি বিষয় কী ভূমিকা নেয় তার পরিচয় দাও।
- খ) ধ্বনি কাকে বলে? ধ্বনি কয় প্রকার? ধ্বনিবাদ সম্পর্কে আলোচনা করো।
- ৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১৪]
- ক) রোমান্টিসিজম কাকে বলে? ক্ল্যাসিসিজম ও রোমান্টিসিজমের পার্থক্য উল্লেখ করে দেখাও 'রোমান্টিসিজম'-এর প্রভাব বাংলা সাহিত্যের গতিপথকে কীভাবে পরিচালিত করেছিল?
- খ) 'সুরিয়ালিজম' কাকে বলে? এই মতবাদটির সাধারণ বৈশিষ্ট্য এবং বাংলা কবিতায় তার প্রয়োগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১৪]
- ক) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথের সাহিত্য ভাবনার মৌলিকতা বিষয়ে আলোচনা করো।
- খ) যেমনটি ঠিক তেমনি লিপিবদ্ধ করা সাহিত্য নহে — 'সাহিত্যের বিচারক' প্রবন্ধে অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করে দেখাও সাহিত্য বিচারের কোন মানদণ্ড রবীন্দ্রনাথ তুলে ধরতে চেয়েছেন?

বিভাগ - খ

- ৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১১]
- ক) ইংরাজি রোমান্টিক কাব্যের স্রষ্টা হিসাবে ওয়ার্ডসওয়ার্থের অবদান আলোচনা করো।

খ) ইংরাজি নাট্যসাহিত্যে বার্নার্ড শ-এর কৃতিত্ব বিষয়ে আলোচনা করো।

৮। যে কোনো একটি বিষয়ে টীকা লেখো।

[১×৩]

ক) অলিভার টুইস্ট

খ) ওড টু দ্য ওয়েস্ট উইন্ড

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

[১×১১]

ক) মহাকাব্যের যুগ বলতে কী বোঝো? ভারতীয় মহাকাব্য হিসেবে 'রামায়ণ' গ্রন্থটির কবি, রচনাকাল, কাহিনিবর্ণন ও সামাজিক গুরুত্ব বিষয়ে আলোচনা করো।

খ) সংস্কৃত কাব্য সাহিত্যের ইতিহাসে জয়দেব ও তাঁর অমর সৃষ্টি 'গীতগোবিন্দম্'-এর অবদান সম্বন্ধে আলোচনা করো।

৮। যে কোনো একটি বিষয়ে টীকা লেখো।

[১×৪]

ক) মেঘদূত

খ) মুদ্রারাক্ষস

————— × —————